W.B. Form No. 27

BARABAZAR P.S. DIST PURULIA

# FIRST INFORMATION REPORT

065

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist Purulia Sub Divn. Manbazar P.S. Barabazar Year 2018 FIR No 24/18 Date 12.04.18
2. i) Act IPC Sections 498A/313/34. ii) Act ........ Sections ........
iii) Act ........ Sections ........ iv) Other acts & Sections ........
3. a) General Diary Reference : Entry No. 612 Time 15:35 h
b) Occurrence of Offence : Day Sunday Date 08.04.2018 Time ........
c) Information received Date 12.04.18 Time 15:35 h G.D. No. 612 at the P. S.
4. Type of Information : Written/Oral Written
5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. 18 K.M. North
b) Address Village - Gurudang, P.S. - Barabazar, Dist. Purulia
Beat No. 18, Bhagabandh G.P. Anchal no - 01
c) In case outside limit of this Police Station, then the name of P. S. ........ District ........
6. Complainant / Informant :
a) Name Uma Pramanik
b) Father's / Husband's Name D/o Amulya Pramanik, W/o Krishna @ Krishnapada Pramanik
c) Date / Year of birth 19 yrs. d) Nationality Indian
e) Address Village - Chatukansa, P.O. - Chatukansa, PS - Arsha, Dist - Purulia
7. Details of known/suspected/unknown/accused with full particulars
(Attach separate sheet, if necessary) :

(1) Dhiren Pramanik S/o Lt. Manohar Pramanik of Village - Kumirdiha, P.S. - Arsha Dist - Purulia
(2) Krishna @ Krishnapada Pramanik
(3) Swapan Pramanik, both S/o Lt. Hitu Pramanik
(4) Swaraswati Pramanik W/o Swapan Pramanik
(5) Manju Pramanik W/o Lt. Hitu Pramanik
Sl. no 02 to 05, all of village - Gurudang P.S. - Barabazar Dist. Purulia

8. Reasons for delay in reporting by the complainant/Informant ........
9. Prticulars of properties stolen/involved (Attach separate sheet, if required): ........
10. Total value of properties stolen/involved ........
11. Inquest report/U.D. Case no., if any ........
12. FIR Contents : (Attach separate sheets, if required) The original written complaint, which is treat as F.I.R., is attached here with / Re-produced overleaf

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/313/34 IPC
registered the case and took up the investigation/directed ASI Mukti Nath Chakraborty to take up the investigation/transferred to P. S. ........ on point of jurisdiction. FIR read over to the Complainant/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

12/4/18

Uma Paramanik

Signature/Thumb impression of the Complainant/Informant

Inspector - In - Charge Barabazar Police Station Purulia

12/04/18

Signature of the Officer-in-Charge, Police Station with

Name BANI NATH MUKHERJEE

Rank A.S.I. of Police P.S. Barabazar Dist - Purulia

Number if any 134

প্রতি,

মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক মহোদয় সমীপেষু

বরাবাজার থানা

বরাবাজার, পুরুলিয়া

মহাশয়;

আমি উমা প্রামানিক (১৯+ বৎ);পিতা- অমূল্য প্রামানিক ক; গ্রা:+ পো- চাটুহাঁসা; থানা- আড়ষা; জেলা:- পুরুলিয়াতে বর্তমানে পিতৃ আলয়ে স্থায়ী ভাবে বসবাস করছি।

আমার গত বচ্ছর অর্থাৎ ইং- ২০১৭ সালের এপ্রিল মাসের ২৮ তারিখ হিন্দু শাস্ত্রমতে আমাদের সমাজে প্রচলিত রীতীনীতি মেনে বরাবাজার থানার অন্তর্গত ভাগাবাঁধ গ্রাম পঞ্চায়েত এলাকা অন্তর্গত গুড়াডাং গ্রামের কৃষ্ণা ওরফে কৃষ্ণপদ প্রামানিকের সাথে বিবাহ হয়। বিবাহের সময় পাত্রপক্ষের চাহিদা মত বরপনের দরুন ছেলের (পাত্রের) মা মঞ্জু প্রামানিক ও ভাসুর স্বপনের চাপে তাদের দাবী মত নগদ ৭৫০০০/-(পঁচাত্তোর হাজার) টাকা, কাঠের পালঙ্ক, বাসনপত্র, সোনার গহনা ও গৃহস্থালীর নিত্যব্যবহার্য্য প্রয়োজনীয় জিনিসপত্র ওদেরকে আমার বাবা দিতে বাধ্য হন। বিবাহের মাস খানেক অতিক্রান্ত হতে না হতেই আমাদের এক আত্মীয় আড়ষা থানার কুমীরডিহ গ্রামের বাসিন্দা (০১) ধীরেন প্রামানিক; পিতা- মনোহর প্রামানিক আমার শ্বশুরবাড়ীতে এসে ওদেরকে আমার বিরুদ্ধে কানভারী করার জন্য বলে যে আমি নাকি বিবাহের পূর্বে মানসিকভাবে অসূস্থ ও দুঃশ্চরিত্রা ছিলাম, এই সব বিশ্বাস যোগ্য বলেই তিনি আমার সংসারে বিষ ঢালেন ও প্ররোচনা দিয়ে চিরকালের জন্য বিষিয়ে দেন। এর পর থেকে আমার স্বামী (০২) কৃষ্ণা ওরফে কৃষ্ণপদ, (০৩) ভাসুর স্বপন প্রামানিক, উভয় পিতা- হিতূ প্রামানিক, জ্যা (০৪) সরস্বতী প্রামানিক ও (০৫) শ্বাশুড়ী মঞ্জু প্রামানিক সামান্য ঘটনায় আমাকে নির্যাতন করার জন্য ছূতো সন্ধান করে বেড়াতো ও বিভিন্ন উসকানিমূলক ভাবে আমাকে কু-শব্দ ব্যবহার করে মানসিকভাবে নির্যাতন করা শুরু করে। কথায় কথায় আমাকে পাগলী, বেশ্যা, প্রভৃতি কুশব্দ বলে যখন তখন মানসিক গঞ্জনা দিত। আমি প্রতিবাদ করতে গেলেই জুটতো পাশবিক মারধোর আমি সব মু'খ বুজে সহ্য করতাম কিছু বলতে গেলেই আমাকে এরা দিনের পর দিন অভূক্ত রাখত এবং বেশ কয়েক বারেই বাড়ী থেকে বেরও করে দেই!

বিগত ২৩/১২/২০১৭ তারিখে আমি গর্ভবতী থাকা সত্ত্বেও, আমার শ্বাশুড়ী; ভাসূর ও

জ্যা-র কথামতো আমার আমাকে মারধোর করেও এদের পাশবিক্ ও নির্মম মারধোরের ফলে আমার গর্ভপাত ঘটে। পুরুলিয়া-র আশাদীপ নামে একটি বেসরকারী চিকিৎসালয়ে আমার শ্বাশড়ী ও স্বামী তড়িঘড়ি নিয়ে গিয়ে চুপিসারে গোপন ভাবে গর্ভপাত ঘটায়। এরপূর্বে মন্টু মাহাত নামে স্থানীয় হাতুড়ে- চিকিৎসক্ শ্বাশুড়ী; স্বামী ও ভাসুরের কথামতো বাড়ীতেই গর্ভপাত ঘটানোর চেষ্টা করেছিল। এইসব ঘটনা বাপের বাড়ীতে লোকজনকে জানাতেও দেয়নি। ঘটনা ধামা চাপা দিতে আমাকে একটি ঘরে জোর করে থাকতে বাধ্য করে ও পাড়া প্রতিবেশীদের সঙ্গে কথাবলা ও মেলামেশাও বন্ধ করে দেয়। গত ১৩/০৩/২০১৮ তারিখ আমার শ্বাশুড়ী; জ্যা ও স্বামী আমাকে চেপে ধরে জোর পূর্বক ঘুমের ঔষধ খাইয়ে দেয়। এবং আমাকে বাঁধাবাঁধি করে, চম্পট দেয় এবং স্থানীয় বাসিন্দা মানিক কর্মকার ( স্থায়ী ঠিকানা:- চিরুডি, থানা- বরাবাজার) নামে ব্যাক্তি কোনোও ভাবে আমাকে পুরুলিয়া সদর হাসপাতালে নিয়ে আসে ও চোখ খুললে তার কাছে জানতে পারি আমাকে ঘুমের ঔষধ খাইয়ে মারার চেষ্টা করা হয়েছিল। এর পরও আমার গরীব পিতা অসহায় বোধ করে আমাকে সেই দিনেই শ্বশুরালয়ে (ছুটি পাওয়ার দিন ১৫/০৩/২০১৮) তারিখ শ্বশুরবাড়ীর নরকজীবনে ফিরিয়ে দিয়ে আসেন, আরও নরক যন্ত্রনা ভোগ করার জন্য ফলস্বরুপ গত ০৮/০৪/২০১৮ তারিখ আমাকে এরা আবার পশুর মতো পেটায় ও বাড়ী থেকে বের করে দেয়। আমার সহ্যের বাঁধ ভেঙ্গে গিয়েছে ও উক্ত ব্যক্তিরা সেখানে ফিরলেই আমাকে শেষ করে দেবে।
অতএব; বিষয়টি তদন্তপূর্ব্বক উপরোক্ত দোষী ব্যাক্তিদের বিরুদ্ধে আইনানুযায়ী দৃষ্টান্ত মূলক্ শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ পূর্ব্বক্ চিরবাধিত করিবেন।

নিবেদন ইতি;
উমা প্রামানিক
12/8/2018

উমা প্রামানিক

Received on 12.04.18 at 15:35 hrs, and started Barabazar PS case No- 24/18 Dt. 12.04.18 U/S 498A/313/34 IPC

12/04/18

Inspector-In-Charge
Barabazar Police Station
Purulia